ঝিনাইদহে শিখন সহায়তা প্রাপ্ত শিক্ষার্থীর অভিভাবকদের মতবিনিময় সভা

ঝিনাইদহে শিখন সহায়তা প্রাপ্ত শিক্ষার্থীদের অভিভাবকদের নিয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

শিক্ষার গুণগত মান উন্নয়ন এর মাধ্যমে শিক্ষা ব্যবস্থাকে শক্তিশালী করা এবং মাধ্যমিক পর্যায়ে অধ্যয়নরত নিম্ন ও নিম্নবিত্ত পরিবারের শিক্ষার্থীদের বিদ্যালয়ে দেয়া পাঠ আয়ত্ব করতে সহায়তা করার লক্ষ্যে বেসরকারী উন্নয়ন সংস্থা ‘আশা’ কর্তৃক দেশব্যাপী ৬৪টি জেলায় ৬ষ্ঠ-৮ম শ্রেণীর পাঠদান কর্মসূচি পরিচালিত হয়ে আসছে। এরই ধারাবাহিকতায় বৃহস্পতিবার আশা-নারিকেলবাড়িয়া ব্রাঞ্চের উদ্যোগে সদর উপজেলার নারিকেলবাড়িয়া জয়নাল আবেদীন মাধ্যমিক বিদ্যালয়ের আশার শিখন সহায়তা প্রাপ্ত শিক্ষার্থীদের অভিভাকদের নিয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ারুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও ঘোড়শাল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পারভেজ মাসুদ লিলটন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আশার জেলার সিনিয়র ড্রিস্ট্রিক্ট ম্যানেজার মোঃ হাফিজুর রহমান, সিনিয়র রিজিওনাল ম্যানেজার মোঃ সাজ্জাদ হোসেন, এডুকেশন অফিসার মোঃ রকিবুল হাসান ও নারিকেলবাড়িয়া ব্রাঞ্চের বিএম কাইয়ুম হোসেনসহ বিদ্যালয়ের অন্যান্য শিক্ষকবৃন্দ।

উল্লেখ্য, যে আশা সংস্থা কর্তৃক ২০১১ সাল থেকে শিক্ষা কর্মসূচি চলমান রয়েছে। বর্তমানে শিশু-৮ম শ্রেণির আওতায় প্রায় ৫ লাখ শিক্ষার্থী শিখন সহায়তা পাচ্ছে। এর মধ্যে ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণীর আওতায় দেশের ৬৪টি জেলার ৬৪টি মাধ্যমিক বিদ্যালয়ের ১৯২টি শিক্ষা কেন্দ্রের প্রায় ৫ হাজার ৫’শ ৫৩ জন শিক্ষার্থীরা এই সহযোগিতা পেয়ে আসছে।